বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এফ,ই সার্কুলার নং ১২ তারিখ ঃ ১৮ কার্তিক, ১৪১০
০২ নভেম্বর, ২০০৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

কৃষি ও কৃষি পণ্য (শাকসব্জি/ফলমূল/এগ্রো প্রসেসিং)
রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগ হইতে জারিকৃত ১২ ডিসেম্বর, ২০০২ তারিখের এফ,ই সার্কুলার নং ২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে ।

০২। সরকারী নির্দেশনা অনুযায়ী উল্লিখিত এফ,ই সার্কুলার নং ২৪/২০০২ এর নিম্নোক্ত সংশোধনী জারী করা হইল ঃ

(ক) তাজা শাকসব্জি রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তার হার ১৫% এর পরিবর্তে ২৫% হইবে ;

(খ) কৃষিভিত্তিক পণ্য রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তার হার ১৫% এর পরিবর্তে ২৫% হইবে ;

(গ) ফল রপ্তানির বিপরীতে প্রযোজ্য নগদ সহায়তার হার ২০% এর পরিবর্তে ২৫% হইবে ।

০৩। নতুন হার ২৬ অক্টোবর, ২০০৩ তারিখ হইতে জাহাজীকৃত পণ্যের জন্য প্রযোজ্য হইবে । এফ, ই সার্কুলার নং ২৪ তারিখ ১২ ডিসেম্বর, ২০০২ তে বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

০৪। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫ ।